**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৫.২৩.৫৮৩

তারিখ : ০২ বৈশাখ ১৪৩৩ / ১৫ এপ্রিল ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'বিভিন্ন দুর্যোগ মোকাবেলা' শীর্ষক উপখাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

চলতি ২০২৫-২৬ অর্থবছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'বিভিন্ন দুর্যোগ মোকাবেলা' শীর্ষক উপখাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে নিম্নোক্ত প্রকল্প (সংযুক্তি দ্রষ্টব্য) গ্রহণের জন্য **বগুড়া জেলা পরিষদের অনুকূলে ২৭৫.০০ লক্ষ (দুই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা** অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন ময়দানহাটা ইউনিয়নের নয়টি স্থানে প্রটেকটিভ/ গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ২৬.৮০ |
| ২. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন কিচক ইউনিয়নের চারটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল /সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৯.৮৬ |
| ৩. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন আটমূল ইউনিয়নের সাতটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ২০.০২ |
| ৪. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন পিরব ইউনিয়নের সাতটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল /সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ২২.৪৫ |
| ৫. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন মাঝিহট্ট ইউনিয়নের এগারোটি স্থানে প্রটেকটিভ/ গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ২১.৪০ |
| ৬. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন বুড়িগঞ্জ ইউনিয়নের সাতটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ২০.১০ |
| ৭. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন বিহার ইউনিয়নের চারটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৮.৫০ |
| ৮. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন শিবগঞ্জ সদর ইউনিয়নের পাঁচটি স্থানে প্রটেকটিভ/ গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৯.৩৫ |
| ৯. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন দেউলী ইউনিয়নের এগারোটি স্থানে প্রটেকটিভ/ গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৬.৪০ |
| ১০. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন সৈয়দপুর ইউনিয়নের সাতটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল /সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৮.৭৬ |
| ১১. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন মোকামতলা ইউনিয়নের দশটি স্থানে প্রটেকটিভ/ গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৮.৭৬ |
| ১২. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন রায়নগর ইউনিয়নের চারটি স্থানে প্রটেকটিভ/গাইডওয়াল/ সারফেস ড্রেন নির্মাণ প্রকল্প। | ১৯.৬০ |
| ১৩. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন--<br>(ক) বেতগাড়ী মীরবাড়ী পারিবারিক কবরস্থান হতে বাসি পর্যন্ত সারফেস ড্রেন নির্মাণ।<br>(খ) বেতগাড়ী বালিকা স্কুল হতে কালভার্টের নিকট বাসি পর্যন্ত সারফেস ড্রেন নির্মাণ,<br>(গ) উপজেলা পরিষদ পুকুরের উত্তর ও দক্ষিণ দুই পাড়ে গাইড ওয়াল নির্মাণ। | ৩৩.০০ |
| | **মোট=** | **২৭৫.০০** |

২। এ ব্যয় চলতি ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/ ৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ২৪ জুলাই ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩১৬নং, ২১ অক্টোবর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪১১নং, ২৪ নভেম্বর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৬৯নং এবং গত ১৬ মার্চ ২০২৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১১৮নং স্মারকমূলে ২০২৫-২৬ অর্থবছরের জেলা পরিষদ উন্নয়ন সহায়তা খাতের যথাক্রমে ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থ ছাড়ে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়/প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদ এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা-২০২২ যথাযথভাবে অনুসরণসহ প্রযোজ্য যাবতীয় আর্থিক ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(গ) পরবর্তী অর্থবছরে এ খাত হতে অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে; এবং
(ঘ) অর্থ বিভাগ কর্তৃক ০৮.০৭.২০২৫ খ্রি. তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোনো কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত এ অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান প্রতিপালন করবেন।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল : lgzp@lgd.gov.bd


নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৫.২৩.৫৮৩/১(১১)

তারিখ : ০২ বৈশাখ ১৪৩৩ / ১৫ এপ্রিল ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ. আ: উপসচিব (বাজেট-১১ অধিশাখা)];
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৬. প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া;
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
১০. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বগুড়া।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব